



Dr. Devon Q. Horton, সুপারিনটেনডেন্ট

BENGALI

Mr. Dijon DaCosta, Sr., বোর্ড সভাপতি

Mrs. Deirdre P. Pierce, সহ-সভাপতি

Mrs. Anna Hill

Mrs. Whitney McGinniss

Mrs. Allyson Gervertz

Mrs. Vickie B. Turner

Dr. Joyce Morley

## অবিলম্বে প্রকাশের জন্য

বৃহস্পতিবার, 13 জুন, 2024

## যোগাযোগ:

Donald Porter, Ed.D.

Carla Parker

678-481-4110

404-734-1717

# গুরুত্বপূর্ণ অগ্রগতি অর্জন STEM শিক্ষার ক্ষেত্রে গভীরভাবে কাজ করার লক্ষ্যে Georgia Aquarium-এর সাথে অংশীদারিত্ব করছে DCSD

(STONE MOUNTAIN, GA)- DeKalb County Board of Education-এর 10 জুন তারিখের নিয়মিত পরিচালনা সভায় [Georgia Aquarium](#)-এর সাথে DeKalb County School District (DCSD)-এর একটি উদ্ভাবনীমূলক সমঝোতা স্মারক (MOU) অনুমোদন করার বিষয়টি ডিস্ট্রিক্ট গর্বিতভাবে ঘোষণা করে।

এই সহযোগিতার মাধ্যমে গ্রেড K-12 এর DCSD শিক্ষার্থীরা সামুদ্রিক বিজ্ঞানের ক্যারিয়ার অন্বেষণ করার এবং তাদের কমিউনিটিকে প্রভাবিত করে এমন সামাজিক-পরিবেশগত সমস্যা আরও ভালোভাবে বোঝার অসাধারণ সুযোগ পাবে। এই অংশীদারিত্ব বিজ্ঞান শিক্ষার উন্নয়ন এবং STEM (বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল, গণিত) ক্ষেত্রে কর্মজীবন এবং মাধ্যমিক-পরবর্তী সুযোগ সম্পর্কে সচেতনতা বাড়াতে ডিস্ট্রিক্টের মিশনকে সহায়তা করবে।

Community Empowerment and Innovative Partnerships-এর DCSD বিষয়ক প্রধান Dr. Yolanda Williamson বলেন, "আমাদের লক্ষ্য এই যে Georgia Aquarium-এর সাথে এই সহযোগিতা শুধুমাত্র সামুদ্রিক বিজ্ঞানের প্রতি অনুরাগকে অনুপ্রাণিত করবে না, বরং আমাদের শিক্ষার্থীদের অতিরিক্ত বিশ্লেষণমূলক চিন্তার দক্ষতা বৃদ্ধি এবং বাস্তব-বিশ্বের অভিজ্ঞতা প্রদান করবে, যা অনুধাবনের ক্ষেত্রে ঘাটতি পূরণ এবং ভবিষ্যৎ ক্যারিয়ারের সুযোগের দ্বার উন্মুক্ত করবে।"

"এটি DeKalb কাউন্টি স্কুলগুলোর উৎকর্ষের লক্ষ্যে পরিবর্তনের আরেকটি উদাহরণ, কারণ আমরা আমাদের শিক্ষার্থীদের ক্ষমতায়নের জন্য তাদের সফল করে তুলতে কৌতূহল, জ্ঞান, এবং দক্ষতার মাধ্যমে প্রয়োজনীয় সুযোগ বৃদ্ধি করে যাচ্ছি।"

এই অংশীদারিত্বের প্রাথমিক লক্ষ্যসমূহের মধ্যে রয়েছে:

- K-12 ক্যারিয়ার অন্বেষণের সুযোগ তৈরি: সামুদ্রিক জীববিজ্ঞান এবং সমুদ্র বিজ্ঞানে সংখ্যালঘু প্রতিনিধিত্ব বৃদ্ধি করা।
- শেখার গতি বৃদ্ধি করা: বিজ্ঞান এবং মূল বিষয়বস্তু সম্পর্কে বাস্তব দক্ষতা বৃদ্ধির সুযোগের মাধ্যমে জ্ঞান ও উপলব্ধির ক্ষেত্রে ঘাটতি পূরণ করা।
- শিক্ষার্থীর ফলাফলের ক্ষেত্রে সহায়তা প্রদান: মান-ভিত্তিক স্থানীয়, অঙ্গরাজ্যের এবং জাতীয় মূল্যায়নে শিক্ষার্থীদের কর্মক্ষমতা বৃদ্ধি করা।
- শিক্ষকের জ্ঞান বৃদ্ধি: মূল বিষয়বস্তুকে কার্যকরভাবে সংহত করতে সামুদ্রিক, সমুদ্র এবং পরিবেশ বিজ্ঞানে পেশাদার বিকাশ প্রবর্তন করা।

-আরও-

Robert R. Freeman Administrative Complex

1701 Mountain Industrial Blvd. | Stone Mountain, GA 30083

678.676.1200 | [www.dekalbschoolsga.org](http://www.dekalbschoolsga.org)

- অ্যাক্সেসযোগ্যতা এবং আউতা সম্প্রসারণ করা: গ্রেড K-12 এর অভিভাবক এবং শিক্ষার্থীদের জন্য প্রোগ্রামে অ্যাক্সেসযোগ্যতা বৃদ্ধি করা।
- পরিবেশগত সচেতনতা বৃদ্ধি করা: জলজ চাষ এবং পরিবেশগত স্থায়িত্বের প্রচেষ্টার বিষয়ে শিক্ষার্থীদের জ্ঞান বৃদ্ধি করা।
- সমন্বিত পথ তৈরি করা: টেকসই সম্পৃক্ততার মাধ্যমে STEM/সামুদ্রিক বিজ্ঞান ক্যারিয়ারে অবিচ্ছিন্ন শিক্ষাগত পথ তৈরি করা।
- সামুদ্রিক জীবনের প্রতি আগ্রহ সৃষ্টি করা: জলজ প্রাণী এবং তাদের আবাসস্থল সম্পর্কে আগ্রহ এবং উপলব্ধির ক্ষেত্রে সহায়তার মাধ্যমে বিভিন্ন ধরনের মানুষকে সমুদ্র বিষয়ক পেশা গ্রহণ করতে উৎসাহিত করা।

DCSD শিক্ষার্থী এবং কর্মীরা বৈজ্ঞানিক ক্রিয়াকলাপ এবং শেখার অনুশীলনে নিয়োজিত হবে, তাদের বাস্তব-বিশ্বের পরিস্থিতিতে বৈজ্ঞানিক ধারণা প্রয়োগ করার লক্ষ্যে প্রয়োজনীয় ধারণা এবং বিশ্লেষণমূলক চিন্তার ক্ষেত্রে দক্ষতা অর্জন করবে। Georgia Aquarium সমুদ্র বিজ্ঞান এবং সামুদ্রিক জীববিজ্ঞানের ক্ষেত্রে ভবিষ্যত কর্মশক্তি তৈরির মাধ্যমে একটি কৌশলগত স্কুল এবং কমিউনিটির অংশীদার হওয়ার লক্ষ্য অর্জন করে উপকৃত হয়।

এই MOU অংশীদারিত্ব 1 জুলাই, 2024 থেকে 30 জুন, 2025 পর্যন্ত চলমান থাকবে। এই উদ্যোগে DCSD-এর বিনিয়োগ \$487,900 এর বেশি হবে না।

XXX